

📖 সুনান আদ-দারাকুতনী

হাদিস নম্বরঃ ৫২২

১. পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৫৪. নারীর যৌনাঙ্গ ও পশ্চাদ্বার এবং পুরুষাঙ্গ স্পর্শ করা সম্পর্কিত বর্ণনা এবং তার বিধান

بَابُ مَا رُوِيَ فِي لَمَسِ الْقُبْلِ وَالذُّبْرِ وَالذَّكْرِ ، وَالْحُكْمُ فِي ذَلِكَ

আরবী

حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدٍ بْنُ عَبْدِ الْعَزِيزِ ، نَا مُحَمَّدُ بْنُ زِيَادٍ بْنُ فَرَوَةَ الْبَلَدِيُّ أَبُو رَوْحٍ ،
 نَا مُلَازِمُ بْنُ عَمْرٍو ، حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ بَدْرٍ ، عَنْ قَيْسِ بْنِ طَلْقٍ ، عَنْ أَبِيهِ طَلْقِ بْنِ عَلِيٍّ
 ، قَالَ : خَرَجْنَا وَفَدًا إِلَى نَبِيِّ اللَّهِ - صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ - حَتَّى قَدِمْنَا عَلَيْهِ ، فَبَايَعْنَاهُ
 وَصَلَيْنَا مَعَهُ ، فَجَاءَ رَجُلٌ كَأَنَّهُ بَدَوِيٌّ ، فَقَالَ : يَا رَسُولَ اللَّهِ ، مَا تَرَى فِي مَسِّ الرَّجُلِ
 ذَكَرَهُ فِي الصَّلَاةِ ؟ فَقَالَ : " وَهَلْ هِيَ إِلَّا بَضْعَةٌ مِنْهُ أَوْ مُضْغَةٌ " ؟ . كَذَا ، قَالَ أَبُو رَوْحٍ

বাংলা

৫২২(১৭). আবদুল্লাহ ইবনে মুহাম্মাদ ইবনে আবদুল আযীয (রহঃ) ... তালক ইবনে আলী (রাঃ) থেকে বর্ণিত।
 তিনি বলেন, আমরা একটি প্রতিনিধি দল যাত্রা করে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট পৌঁছলাম।
 আমরা তাঁর হাতে বায়'আত হলাম এবং তাঁর সাথে নামায পড়লাম। তখন তাঁর নিকট একটি লোক এলো, মনে
 হলো সে একজন বেদুঈন। সে বলল, ইয়া রাসূলুল্লাহ! কোন ব্যক্তির নামাযরত অবস্থায় তার লজ্জাস্থান স্পর্শ করা
 সম্পর্কে আপনার মত কি? তিনি বলেনঃ এটা তার শরীরের একটা অংশ বৈ কিছু নয়। আবু রাওহ (রহঃ) অনুরূপ
 বর্ণনা করেছেন।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ তালক ইবনে আলী (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=80311>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন